

বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং কলেজ

প্রতিষ্ঠা দিবসে সংশোধনাগারের বন্দিদের জন্য দিল কম্পিউটার

নিজস্ব সংবাদদাতা : বাঁকুড়া, ১৯শে সেপ্টেম্বর – বাঁকুড়া সংশোধনাগারের বন্দিদের আধুনিক শিক্ষায় শিক্ষিত করে তোলার জন্য প্রতিষ্ঠা বার্ষিকীতে একটি কম্পিউটার দিল বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং কলেজ। বন্দিরা যাতে সংশোধনাগারের ভেতরে বসেই কিছু রোজগার করতে পারেন, বা পরবর্তী জীবনে আয়ের পথ খুঁজে নেন তারজন্য কলেজের তৈরি যন্ত্রচালিত একটি টেকিও দেওয়া হয় তাদের। এই টেকি দিয়ে তারা ব্রাউন রাইস তৈরি করতে পারবে। এই ব্রাউন রাইস তৈরি করে ইতিমধ্যেই এই কলেজ রাজ্যে সাড়া ফেলেছে। ব্যাপক চাহিদা এই সুবাদ ব্রাউন রাইসের।

মঙ্গলবার কলেজের প্রতিষ্ঠা দিবসে বাঁকুড়া জঙ্গলমহলের রানিবাধ, রাইপুর, সারেকা ও সিমলাপাল এই চারটি ব্লকের ২০টি স্কুলকে কম্পিউটার দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন কলেজ পরিচালন সমিতির সভাপতি শশক দত্ত। তিনি জানান, এদিন জঙ্গলমহলের বেশ কিছু

স্কুলের শিক্ষক শিক্ষিকারা এসেছিলেন। বন্দিদের কাছে এই কম্পিউটার পৌঁছে দেওয়া হবে। উল্লেখ্য, ১৯৯৮ সালের ১৯শে সেপ্টেম্বর কলেজটির উদ্বোধন হয়। বাঁকুড়ার মানুষের অর্থে এটি তৈরি হয়েছে। নানা স্তরের মানুষের সহযোগিতা আছে এখানে। ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে এই কলেজ চলে না। আজও সেই ধারাবাহিকতা রক্ষা করে চলেছে বাঁকুড়া ইঞ্জিনিয়ারিং কলেজ। সোনার বিদ্যুৎ থেকে শুরু করে অত্যন্ত কম দরে নানা ধরনের বাতি তৈরি – নানা অভিনব কাজ করে চলেছে এই কলেজ।

এদিন কলেজে ৪০জন ছাত্রছাত্রী রক্তদান করে। কুইজ প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিজ্ঞান প্রদর্শনীও হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের সভাপতি শশক দত্ত, অধ্যক্ষ কৃষ্ণেন্দু অধুর্য, জেলা পুলিশসুপার সুখেন্দু হীরা, কারা বিভাগের অতিরিক্ত আই জি (পশ্চিমাঞ্চল) বিপ্লব দাশগুপ্ত, বাঁকুড়ার কারা বিভাগের সুপার শকুন্তলা সেন প্রমুখ।

২০০ প্রতিবন্ধীকে

নিজস্ব সংবাদদাতা : কোচবিহার, ১৯শে সেপ্টেম্বর – কোচবিহারের ২০০ জন মানুষ, যারা শারীরিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন, তাঁদের হাতে নতুন পোশাক তুলে দিল পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনী কোচবিহার জেলা কমিটি।

মঙ্গলবার কোচবিহার উচ্চ বালিকা বিদ্যালয়ে এক অনুষ্ঠানে তাঁদের হাতে এই নতুন পোশাক তুলে দেওয়া

উৎসবের পোশাক

হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোচবিহার জেলা নারী সুরক্ষা আধিকারিক অপূর্বা ভট্টাচার্য, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া স্টাফ অ্যাসোসিয়েশনের ডেপুটি জেনারেল সেক্রেটারি দেবশিস সেনগুপ্ত, সেক্রেটারি কল্যাণ পণ্ডিত, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া অফিসার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক নারায়ণ সরকার, শিক্ষক রঞ্জন ভট্টাচার্য প্রমুখ। সভা পরিচালন করেন পরিতোষ সরকার।

